

স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষঃ ২০২১-২০২২

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে দুই বছর মেয়াদী স্যাটেলাইট কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে (Master of Science in Satellite Communication Engineering, (M.Sc Engg) / Master of Satellite Communication Engineering, (M.Engg)) এবং স্পেস সিস্টেমস ইঞ্জিনিয়ারিং বিভাগে (Master of Science in Space Systems Engineering, (M.Sc Engg) / Master of Space Systems Engineering, (M.Engg)) প্রোগ্রাম সমূহে প্রতিটি বিষয়ে ১৫ টি আসনে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। সুনির্দিষ্ট শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী আগ্রহী প্রার্থীগণ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত লিংকের মাধ্যমে অনলাইন ফরম পূরণ পূর্বক আবেদন করতে পারবেন। স্নাতকোত্তর কোর্স সমূহের শিক্ষাকার্যক্রম অত্র বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্, বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত) হতে পরিচালনা করা হবে। বিশ্ববিদ্যালয়ের ভর্তি নীতিমালা অনুযায়ী আগ্রহী প্রার্থীদের মধ্য হতে শিক্ষাগত যোগ্যতা, ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং সাক্ষাৎকারের ফলাফলের ভিত্তিতে যোগ্য ছাত্র/ছাত্রীদের ভর্তি করা হবে। কোভিড-১৯ সংক্রান্ত বৈশ্বিক মহামারীর কারণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা সমূহ আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সরকারী বিধি-বিধান, স্বাস্থ্য মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি'র নির্দেশনা মেনে অনুষ্ঠিত হবে।

ভর্তি সংক্রান্ত নির্দেশিকা এবং অনলাইনে আবেদনের লিংক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <https://www.bsmraau.edu.bd>-এর Admission-এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম নির্ভুলভাবে পূরণ করে তা অনলাইনে যথাযথভাবে জমা দিয়ে নির্দিষ্ট এসএমএস ফরমেট অনুযায়ী ফি পরিশোধ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ সংক্রান্ত যে কোন বিষয়ে সহায়তার জন্য ই-মেইলে admission@bsmraau.edu.bd এবং মোবাইল নং +৮৮০১৭৬৯৯৯৫০৯৯ এ যোগাযোগ করা যেতে পারে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচীঃ

ক্রমিক নং	ভর্তি কার্যক্রমের বিবরণ	তারিখ ও সময়
১।	অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান আরম্ভ	০৯ মে ২০২২, সোমবার দুপুর ১২:০০ ঘটিকা
২।	অনলাইন আবেদনপত্র পূরণ ও জমা প্রদান সমাপ্ত	২৩ মে ২০২২, সোমবার রাত ১২:০০ ঘটিকা
৩।	টেলিটক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি সার্ভিস চার্জ সহ ১০০০/- টাকা (এসএমএস চার্জ ব্যতীত) প্রদানের শেষ তারিখ ও সময়	২৫ মে ২০২২, বুধবার দুপুর ১২:০০ ঘটিকা
৪।	বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.bsmraau.edu.bd এ প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	২৯ মে ২০২২, রবিবার
৫।	ভর্তি পরীক্ষার তারিখ	১০ জুন ২০২২, শুক্রবার। (সকাল ১০০০ ঘটিকা থেকে ১২০০ ঘটিকা পর্যন্ত)।
৬।	ভর্তি পরীক্ষার স্থান	বিশ্ববিদ্যালয়ের এর ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্, বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত)।
৭।	ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ এবং সাক্ষাৎকারের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://www.bsmraau.edu.bd এ প্রকাশ	১৬ জুন ২০২২, বৃহস্পতিবার
৮।	ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ সাক্ষাৎকারের তারিখ এবং স্থান	১৯ জুন ২০২২, রবিবার থেকে ২০ জুন ২০২২, সোমবার পর্যন্ত। বিএসএমআরএইউ এর ঢাকা ক্যাম্পাস, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ (পুরাতন পিএসসি বিল্ডিংস্, বিমান বাহিনীর তথ্য ও নির্বাচনী কেন্দ্রের পাশে অবস্থিত)।
৯।	ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ	২৬ জুন ২০২২, রবিবার

* বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তির যেকোন নির্দেশনা/তথ্য/শর্ত কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই বাতিল/পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

রেজিস্ট্রার
(বিএসএমআরএইউ)